দৈনিক ইনকিলাব

[illegible]

040

# সুপারনিউমেরারী পদের শিক্ষকদের বদলী না করার আহবান

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির সেক্রেটারী জেনারেল প্রফেসর এ, কে, এম, আলী রেজা শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীদের বৃহত্তর স্বার্থে নতুন পদ সৃষ্টি না হওয়া পর্যন্ত সুপারনিউমেরারী পদে কর্মরত শিক্ষকদের বদলীর আদেশ স্থগিত এবং তাঁদের নিয়মিত বেতন প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়েছেন। উল্লেখ, শুধু ঢাকা শহরেই ৪টি কলেজে ৩৫টি পদে সুপারনিউমেরারী শিক্ষক কর্মরত আছেন। যেসব কারণে উক্ত পদে তাঁদের বহাল রাখা হয়েছে সেগুলো হলোঃ ১। সুপারনিউমেরারী পদে কার্যরত শিক্ষকগণ ডিগ্রী, অনার্স এবং পোস্ট-গ্রাজুয়েট কোর্সে শিক্ষাদানের দীর্ঘদিনের অভিজ্ঞতাসম্পন্ন, ২। উচ্চতর কোর্সে শিক্ষাদানের লক্ষ্যে তাঁদের উপরোক্ত পদসমূহে নিযুক্ত করা হয়েছিল, ৩। উচ্চতর কোর্সে ফলপ্রসূ শিক্ষাদানের লক্ষ্যে এ পদক্ষেপ গৃহীত হয়, ৪। শিক্ষা প্রতিষ্ঠান তথা দেশের বৃহত্তর কল্যাণে তা অপরিহার্য ছিল।

অন্যদিকে, সরকারের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সুপারনিউমেরারী এবং ওএসডি পদসমূহ বিলুপ্ত করা হয়েছে। ফলে, সুপারনিউমেরারী পদে কর্মরত শিক্ষকদের অনেককে এমন সব কলেজে বদলী করা হয়েছে যেখানে তাঁদের দীর্ঘদিনের অভিজ্ঞতা প্রয়োগের কোন সুযোগ নেই। এসব সমস্যার কথা বিবেচনা করে সিএমএলএ, সচিবালয়ে অনুষ্ঠিত এক সভায় নতুন পদ সৃষ্টির অনুমোদন করা হয়। এ সিদ্ধান্ত পর্যায়ক্রমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদফতর এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত হয়ে সংস্থাপন মন্ত্রণালয়ে সক্রিয় বিবেচনাধীন রয়েছে বলে জানা গেছে।